



শনিবার হেদুয়া পার্কে অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেডমিস্ট্রেস ও মুক্তি'র পক্ষ থেকে বিভিন্ন সামগ্রী তুলে দেওয়া হচ্ছে উৎপল চ্যাটার্জির হাতে।

## বিভিন্ন স্কুল প্রধান, স্বেচ্ছাসেবী সংস্থা পীড়িতদের পাশে

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ জুলাই- কোভিডের তৃতীয় ঢেউ দরজায় কড়া নাড়ছে প্রায়। আর তাকে ঠেকাতে প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে দেশজুড়ে। কোভিড যুদ্ধে বিভিন্ন সংগঠন, স্বেচ্ছাসেবী সংস্থা নিজেদের সাধ্যমতো পীড়িত মানুষের সাহায্যে এগিয়ে আসছে। শনিবার সকালে হেদুয়া পার্কে অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেডমিস্ট্রেস ও মুক্তি'র পক্ষ থেকে কোভিড পরিস্থিতিতে মানুষের পাশে দাঁড়াতে 'উত্তর কলকাতা উদয়ের পথে'র জন্য অক্সিজেন কনসেন্ট্রেটর, মাস্ক, ওষুধপত্র তুলে দেওয়া হয় সংগঠনের সম্পাদক উৎপল চ্যাটার্জির হাতে। অনুষ্ঠানে ওয়ার্ড কো-অর্ডিনেটর মীনাঙ্কী গুপ্তা ছাড়াও উপস্থিত ছিলেন টাউন স্কুল ফর গার্লস-র প্রধান শিক্ষিকা এবং অ্যাডভান্সড সোসাইটি ফর হেডমাস্টার অ্যান্ড হেডমিস্ট্রেস-র সহ-সভানেত্রী ড. অর্পিতা বন্দ্যোপাধ্যায়, কুমার আশুতোষ ইন্সটিটিউট ফর গার্লসের প্রধান শিক্ষিকা ড. অঞ্জনা শেঠ, সাহাপুর হরেন্দ্রনাথ বিদ্যাপীঠ প্রধান শিক্ষিকা মৌসুমী মণ্ডল, মেট্রোপলিটন ইনস্টিটিউটশান মেন ফর গার্লসের প্রধান শিক্ষিকা বিপাশা বন্দ্যোপাধ্যায়, তালতলা হাইস্কুলের প্রধান শিক্ষিক ঋত্বিক কুণ্ডু প্রমুখ।